

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ১। হরিনামের তুল্য দিতে, কি আছে অবনীতে,
হরি হতে বড় হরিনাম।
ও নাম ব্রহ্ম জপে চতুর্মুখে, শিব জপেছে অবিরাম ॥
- ২। হরির নাম সুধাসিদ্ধু, পান করলে তার একবিন্দু,
তা' হ'লে পুরে মনস্কাম।
নামে পুলকে গোলকে যাবি, দেকতে পাবি রাধাশ্যাম ॥
- ৩। ছিল নাম অনর্পিত, কলিতে সমর্পিত, করিলেন গৌর গুণধাম।
নামে জগাই মাধাই তরে গেল, প্রাপ্ত হ'ল মোক্ষধাম ॥
- ৪। হরির নাম মহৌষধি, পান কর নিরবধি, ভব ব্যাদি হইবে আরাম
নামে দান করিবে প্রেমানন্দ, এ দেহ হবে নিষ্কারম ॥
- ৫। নামেতে মহানন্দ, মেতেছে তারকচন্দ্র,
প্রেমরসে ভাসায় ধরাধাম।
(এবার) অশ্বিনীর মন হরিবল, মধুর নামে হ'সনা বাম ॥

৭ নং তাল-একতালা

- প্রেম অনুরাগ ভক্তি বিবেক কররে আশ্রয়।
তোর কামরিপু হবে পরাজয়, প্রাণ সঁপেদে গুরুর পায় ॥
- ১। অনুরাগ সিংহ রবে, পালাবে রিপু সবে, মহাভাব হবেরে উদয়
হরিচাঁদের ছবি, দেখতে পাবি, রূপ দেখে প্রাণ হয় তন্ময় ॥
- ২। বিবেকের সঙ্গ নিলে, বাহ্যজ্ঞান যাবে চলে।
হরি বলে কাঁদবিরে সদায়।
হবে প্রেম তনু জগ মগ, দেখবি জগৎ হরিময় ॥